এক দিনে ভৈরব কেড়ে নিল এক শিশু ও দুই যুবকের প্রাণ

এক দিনে মেহেরপুরের ভৈরব নদ কেড়ে নিল এক শিশু ও দুই যুবকের প্রাণ। মেহেরপুরের মুজিবনগর উপজেলার ভৈরব নদের রশিকপুর স্লুইসগেটে গোসল করতে নেমে পানিতে নিখোঁজ হওয়া দুই শিক্ষার্থীর মরদেহ উদ্ধার করেছে খুলনা থেকে আসা ডুবুরি দল।

গতকাল সোমবার রাত সাড়ে ৮টার দিকে নদীর তলদেশ থেকে তাদের মরদেহ উদ্ধার করা হয়।

উদ্ধার হওয়া দুই শিক্ষার্থী হলেন, সদর উপজেলার টেংরামারী গ্রামের আব্দুল হান্নানের ছেলে নিলয় হোসেন এবং সদর উপজেলার আমদহ গ্রামের মহির উদ্দীনের ছেলে কৌশিক। তাদের একজন কলেজ শিক্ষার্থী ও অপরজন মাদ্রাসা শিক্ষার্থী।

মুজিবনগর ফায়ার সার্ভিসের টিম লিডার সেলিম রেজা এ তথ্য নিশ্চিত করেছেন। এবং একই নদের পিরোজপুর এলাকা থেকে মাহবুব নামের ১০ বছর বয়সী আরেকজনের মরদেহ উদ্ধার করে স্থানীয়রা।

জানা গেছে, গতকাল সোমবার বেলা তিনটার দিকে নিখোঁজ দু’জনসহ তাদের আরও ছয় বন্ধু গোসল করতে নামে। হঠাৎ নিলয় ডুবে গেলে কৌশিক তাকে বাঁচাতে যায়, কিন্তু দুজনেই পানির নিচে তলিয়ে যায়।

পরে স্থানীয়দের দেওয়া খবর পেয়ে মুজিবনগর ফায়ার সার্ভিসের টিম লিডার সেলিম রেজার নেতৃত্বে একটি টিম ঘটনাস্থলে পৌঁছে প্রাথমিকভাবে উদ্ধার অভিযান শুরু করে। তবে পর্যাপ্ত উদ্ধার সরঞ্জাম না থাকায় ফায়ার সার্ভিসের দল ব্যর্থ হয়।

পরে খুলনা ডুবুরি দলকে খবর দেওয়া হয়। তারা ঘটনাস্থলে পৌঁছে রাত নয়টার দিকে উদ্ধার কাজ শুরু করে। প্রায় এক ঘণ্টা ধরে অভিযান চালিয়ে কৌশিক ও নিলয়ের মরদেহ উদ্ধার করা হয়। আইনি প্রক্রিয়া শেষে নিহত দুজনের মরদেহ নিজ নিজ পরিবারের কাছে হস্তান্তর করা হয়।

মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মিজানুর রহমান বলেন, সন্ধ্যার পর খুলনা ফায়ার সার্ভিসের বিশেষ রিসকিউ (ডুবুরি) দল উদ্ধার কাজ শুরু করে। প্রায় দেড় ঘন্টা পর প্রথমে তানভির ও পরে

কৌশিকের মরদেহ উদ্ধার করতে সক্ষম হয়।

স্থানীয়রা জানান, মুজিবনগর উপজেলার রশিকপুর ও রতনপুর গ্রামের সংযোগস্থল এই স্লুইসগেটে পানির সৌন্দর্য দেখতে এসে গত কয়েক বছরে প্রায় আটজনের মৃত্যুর ঘটনা ঘটেছে।

তাদের অভিযোগ, পানি উন্নয়ন বোর্ডের অপরিকল্পিত গেট নির্মাণের কারণেই বারবার প্রাণহানি ঘটছে। কিন্তু এখনও পর্যন্ত টনক নড়েনি সংশ্লিষ্ট কর্তৃপক্ষের।

স্থানীয়রা আরও বলেন, নদীর ওপর পানি প্রবাহের স্লুইসগেট তৈরি করা হলেও মানুষের নিরাপত্তার বিষয়টি বিবেচনায় নেওয়া হয়নি।

ফলে জীবনের ঝুঁকি নিয়েই সরু স্লুইসগেটের ওপর দিয়ে চলাচল করেন কয়েকটি গ্রামের মানুষ। অনেকেই পানির প্রবাহ দেখতে গিয়ে প্রাণ হারিয়েছেন। বিগত কয়েক বছরে অন্তত আটজনের মৃত্যু হয়েছে বলে জানান তারা।

প্রতি বছরই এখানে মৃত্যুর ঘটনা ঘটলেও প্রশাসনের পক্ষ থেকে স্থানটির সুরক্ষায় কোনো উদ্যোগ নেওয়া হয়নি বলেও অভিযোগ স্থানীয়দের।

এ বিষয়ে মুজিবনগর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) পলাশ মণ্ডল বলেন, ঘটনার পরপরই আমরা পানি উন্নয়ন বোর্ডকে বিষয়টি জানিয়েছি। অচিরেই সুইসগেটের দুই পাশে সতর্কতামূলক বড় বড় সাইনবোর্ড স্থাপন করা হবে এবং কাউকে সেখানে গোসল করতে দেওয়া হবে না।

তিনি আরও বলেন, নিহত দুই শিক্ষার্থীর পরিবারকে এখন পর্যন্ত কোনো আর্থিক সহায়তা দেওয়ার পরিকল্পনা নেই, তবে ভবিষ্যতে সহায়তার বিষয়টি বিবেচনা করা হতে পারে।

অপরদিকে, মেহেরপুর সদর উপজেলার পিরোজপুরে ভৈরব নদের পানিতে ডুবে মাহাবুবুর রহমান (১০) নামের এক শিশুর মৃত্যু হয়েছে।

গতকাল সোমবার বিকেলে ঘটনাটি ঘটে। নিহত মাহবুবুর রহমান পিরোজপুর গ্রামের জল্লাদের ছেলে। স্থানীয়রা জানান, বিকেলে মাহবুব তার কয়েকজন বন্ধুকে নিয়ে ভৈরব নদীর পানিতে নেমে তলিয়ে যায়। পরে স্থানীয়রা খোঁজাখুঁজির মাধ্যমে কিছুক্ষণ পর তার মরদেহ উদ্ধার করে।